

প্রধানমন্ত্রীর সময়োপযোগী পদক্ষেপে গার্মেন্টসসহ সকল শিল্প সেক্টর ভাল অবস্থায় রয়েছে

- শ্রম প্রতিমন্ত্রী

ঢাকা, ২২ অক্টোবরঃ

শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী বেগম মনুজান সুফিয়ান বলেছেন করোনা মহামারীর শুরুতেই প্রধানমন্ত্রী শেখ হাসিনার সময়োপযোগী এবং দৃঢ় পদক্ষেপের ফলে গার্মেন্টসসহ সকল শিল্প সেক্টর ভাল অবস্থায় রয়েছে। সারা বিশ্বের অর্থনৈতিক স্থবিরতার মধ্যেও আমাদের রপ্তানী আয় বৃদ্ধি পাচ্ছে।

তিনি আজ রাজধানীর একটি হোটেলে আরএমজি বিষয়ক ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ (টিসিসি) এর ৭ম সভায় সভাপতির বক্তৃতায় এ সব কথা বলেন।

শ্রম প্রতিমন্ত্রী বলেন, করোনাকালীন প্রধানমন্ত্রী ৩১ দফার আলোকে মালিক-শ্রমিকদের সহযোগিতায় স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করে রপ্তানিমুখি শিল্প-কারখানায় প্রয়োজনীয় উৎপাদন অব্যাহত রাখায় বিশ্বের উন্নত দেশগুলোর জিডিপি ঋণাত্মক হলেও আমাদের জিডিপি হার ইতিবাচক রয়েছে। তিনি বলেন, করোনা সংক্রমণের শুরুতেই শ্রমজীবী মেহনতি মানুষের কথা প্রথম ভাবেন। গার্মেন্টস শিল্পের জন্য ১০ হাজার ৫'শ কোটি টাকার প্রনোদনা প্যাকেজ ঘোষণা করেন। এ সময় আমরা মালিক-শ্রমিকদের নিয়ে বার বার বসে নানান সমস্যা নিরসনের উদ্যোগ গ্রহণ করেছি। তিনি বলেন, করোনা মোকাবেলা ও অর্থনৈতিক পুনরুদ্ধারে সরকার এ পর্যন্ত এক লাখ ১১ হাজার ১৩৭ কোটি টাকার মোট ২০টি প্যাকেজ ঘোষণা করেছে। সরকারের এসব পদক্ষেপের ফলে এপ্রিল মাসে কোভিড-১৯ এর কারণে তৈরি পোশাক রপ্তানি হয় মাত্র ৩৭ কোটি মার্কিন ডলার সেখানে গত জুলাই মাসে তৈরি পোশাক রপ্তানি হয়েছে ৩২৪ কোটি মার্কিন ডলার।

সভায় জানানো হয়, সরকার রপ্তানিমুখি তৈরি পোশাক, চামড়াজাত পণ্য ও পাদুকা শিল্পের কর্মহীন হয়ে পড়া ও দুস্থ শ্রমিকদের জন্য সামাজিক সুরক্ষা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা অনুমোদন করেছে। কার্যক্রমটি বাস্তবায়নে বাংলাদেশ সরকারের পাশাপাশি উন্নয়ন সহযোগী ইউরোপিয়ান ইউনিয়ন ও ফেডারেল জার্মান সরকার অর্থায়ন করবে।

সভায় মন্ত্রণালয়ের সচিব কে এম আব্দুস সালাম, অতিরিক্ত সচিব ড. মোঃ রেজাউল হক, শ্রম অধিদপ্তরের মহাপরিচালক একেএম মিজানুর রহমান, পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক মো. নজরুল ইসলাম, বিকেএমইএ এর সহ-সভাপতি মোর্শেদ সারোয়ার সোহেল, ফজলে শামীম এহসান, বিজিএমইএ এর পরিচালক এ এন এম সাইফুদ্দিন, জাতীয় শ্রমিক লীগ সভাপতি মো. ফজলুল হক মন্টু, জাতীয় শ্রমিক জোট এর জেনারেল সেক্রেটারি নাইমুল আহসান জুয়েল, সম্মিলিত গার্মেন্টস শ্রমিক ফেডারেশন এর সভাপতি নাজমা আক্তারসহ বিভিন্ন মন্ত্রণালয়, সংস্থার প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন।

মোঃ আকতারুল ইসলাম

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

ফোন-৯৫৭৩৮৩৯

মোবাইলঃ০১৭১৮৮৫১৮৫১

Email : aktarullalpur@gmail.com

